তারিখ ... 09 MAR 2017
পৃষ্ঠা ...2... কলাম ....8....

দৈনিক জনকণ্ঠ

সংসদে শিক্ষামন্ত্রী

# অভিন্ন পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়নের পদক্ষেপ নেয়া হয়েছে

সংসদ রিপোর্টার ॥ একই মানের উত্তরপত্র মূল্যায়নে পরীক্ষকদের নম্বর প্রদানে ভিন্নতার প্রবণতা রোধ করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় অভিন্ন পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়নের পদক্ষেপ গ্রহণ করেছে। পরীক্ষার্থীদের প্রাপ্য নম্বর পাওয়া নিশ্চিত করতেই এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

বুধবার জাতীয় সংসদ অধিবেশনে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তরে সরকারদলীয় সদস্য এম আবদুল লতিফের প্রশ্নের লিখিত জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী জানান, একই মানের উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে বিভিন্ন পরীক্ষক কর্তৃক রোল নম্বর প্রদানে ভিন্নতার প্রবণতা রোধ করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় অভিন্ন পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়নের পদক্ষেপ গ্রহণ করেছে। পরীক্ষকগণের দৃষ্টিভঙ্গি ও পার্থক্যের কারণে কোন পরীক্ষার্থী যাতে তার প্রাপ্য নম্বর থেকে বঞ্চিত না হয় তা নিশ্চিত করতেই এরূপ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিষয়টি শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্যও জরুরী।